একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**[কর প্রশাসন-১, শাখা]**
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০১৯.৯৯.০১৬.০৫/

তারিখ : ১৬ শ্রাবণ, ২০১৯ খ্রিষ্টাব্দ
৩১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: **স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদৎ বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত প্রণীত কর্মসূচী বাস্তবায়ন।**

সূত্র: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.০৩৬.২৩.০১৮.১৯-৪৬১, তারিখ: ১৮/০৭/২০১৯খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের বরাতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য গত ১১/০৭/২০১৯খ্রিঃ তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভার কাযবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ (দুই) পাতা,

(মোসাঃ সেলিনা খাতুন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)
৮৩১৮১২০-২৮ এক্স-২২৩
০১৭১৬২৫০৭৭১
selinanbr@gmail.com

নথি নং-০৮.০১.০০০০.০১৯.৯৯.০১৬.০৫/ ৫৭১/৫১

তারিখ : ১৬ শ্রাবণ, ২০১৯ খ্রিষ্টাব্দ
৩১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ কর পরিদশর্ন পরিদপ্তর, ঢাকা/ বিসিএস কর একাডেমী, ঢাকা।
৩. কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা।
৪. কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
৫. কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (কর)/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, ঢাকা।
৬. কর কমিশনার, কর অঞ্চল- রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা।
৭. কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
৮. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৯. প্রথম সচিব (কর প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৩১/০৭/২০১৯
(মোসাঃ সেলিনা খাতুন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)

D:\Jibon\others\ot letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ird.gov.bd

নং ০৮.০০.০০০০.০৩৬.২৩.০১৮.১৯- ৪৬৯ তারিখঃ ০৩ শ্রাবণ, ১৪২৬ / ১৮ জুলাই, ২০১৯

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত প্রণীত কর্মসূচী বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের জন্য একটি প্রস্তুতিমূলক সভা গত ১১.০৭.২০১৯ তারিখে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদসংগে সংযুক্ত করা হলো।

০২। এমতাবস্থায়, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের নিমিত্ত কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

( মোঃ সামীম আহসান )
সহকারী সচিব
ফোন: ০২ ৯৫৫৪৪৮২

**বিতরণ: (জে্যষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা;
০২। অতিরিক্ত সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
০৩। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা;
০৪। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা;
০৫। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা;
০৬। সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা;
০৭। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
০৮। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা;
০৯। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা;
১০। মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম;
১১। মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকা;
১২। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
১৩। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
১৪। উপপ্রধান, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
১৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়;
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং
১৭। সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (এ বিভাগের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
প্রশাসন-১ শাখা
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ird.gov.bd

**বিষয়: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ১১.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব মো: মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়

সভার তারিখ: ১১.০৭.২০১৯
সময়: বিকাল ৪ ঘটিকা
স্থান: সম্মেলন কক্ষ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সভায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন জাতীয় রাজস্ব বোর্ড, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনালের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (পরিশিষ্ট-ক)।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতি অভ্যন্তরীণ সম্পদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন)-কে সভার কর্মসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করেন। যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে জানান যে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচী চুড়ান্তকরণের নিমিত্ত গত ০২.০৭.২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সভার কার্যবিবরণী সকল মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর্যের সাথে পালনের নিমিত্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের মতামত আহ্বান করা হয়। উপস্থিত কর্মকর্তাগণ বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | ০১) আগামী ১৫ আগস্ট ২০১৯ তারিখ বৃহস্পতিবার জাতীয় রাজস্ব বোর্ড এবং জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর অধীনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল ও ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনালে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে।<br>০২) মাঠ পর্যায়ের অফিসসমূহ (জেলা/উপজেলা/বিভাগীয় অফিসসমূহ) নিজ নিজ কর্মসূচী বাস্তবায়নসহ স্ব স্ব জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচী পালন করবে। | ১। সদস্য (বোর্ড প্রশাসন)/সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;<br>০২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা;<br>০৩। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল;<br>০৪। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |

-৩৩৭

| | | |
|---|---|---|
| ০২. | আগামী ১৫.০৮.২০১৯ তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় সিনিয়র সচিব মহোদয়ের নেতৃত্বে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণ ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে। | ১। সদস্য (বোর্ড প্রশাসন)/সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)/ সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;<br>০২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা;<br>০৩। যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;<br>০৪। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল;<br>০৫। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল। |
| ০৩. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের উদ্যোগে আগামী ২০.০৮.২০১৯ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪.০০ ঘটিকায় কাকরাইলস্থ আইডিইবি ভবনের অডিটরিয়ামে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা, ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে মাননীয় অর্থমন্ত্রী, বিশেষ অতিথি হিসেবে মাননীয় পরিকল্পণা মন্ত্রী, অন্য যে কোন একজন মাননীয় মন্ত্রী/বিশিষ্ট ব্যাক্তি এবং আলোচক হিসেবে আ.আ.ম.স আরিফিন সিদ্দিক, সাবেক ভিসি, ঢাকা বিশ্ববিদ্যালয়/জনাব মোহাম্মদ সাদিক, চেয়ারম্যান, পিএসসি/বঙ্গবন্ধুর জীবনীর উপর বিশিষ্ট আলোচক-কে আমন্ত্রণ জানাতে হবে। আমন্ত্রণপত্র তৈরী এবং বিতরণের ব্যবস্থা করবেন। | সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা |
| ০৪. | বিসিএস (কর) একাডেমী,ঢাকা এবং কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রামে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হবে। উক্ত আলোচনা ও দোয়া মাহফিলে "কারাগারের রোজনামচা" এবং "বঙ্গবন্ধুর আত্নজীবনী" হতে উল্লেখযোগ্য অংশ পাঠ এবং বঙ্গবন্ধুর জীবনীর উপর কবিতা আবৃত্তির ব্যবস্থা থাকবে। | মহাপরিচালক, বিসিএস (কর) একাডেমী, ঢাকা; এবং<br>মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম। |
| ০৫. | উল্লেখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে ফলো-আপ সভা আগামী ০১.০৮.২০১৯ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ। |

০৩. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জারিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৭/২০১৯

( মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি )
সিনিয়র সচিব